গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ধর্মপাশা, সুনামগঞ্জ।

## উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরনী

সভাপতি : জনাব মোজাম্মেল হোসেন রোকন,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
সভার মাস : অক্টোবর ২০২৩ইং
সভার তারিখ : ১২ অক্টোবর ২০২৩খ্রিঃ।
সময় : বেলা- ১২ : ০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার ধর্মপাশাকে সকলেই সার্বিক সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশাকে অনুরোধ জানান। তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচীঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে জানান। কোনো সংযোজন, বিয়োজন ও সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পর্যায়ে বিভাগীয় কর্মকর্তাসহ সকল সদস্যগন শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং তাদের দপ্তরের বিভিন্ন বিষয় ও দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কথা তুলে ধরেন।

| ক্রঃ নং | বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা ৫০ শয্যা বিশিষ্ট হাসাপাতালের সেবা কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | জনসাধারনকে শতভাগ সরকারি সেবা প্রদানের লক্ষ্যে বিভাগীয় সকল কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, ধর্মপাশা। |
| ২ | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। এ বছর প্রায় ৩৫০ হেঃ জমিতে সরিষা, ৬৯৫ হেঃ জমিতে শাকসবজি ২৪০ হেঃ জমিতে মরিচ ও ১৫০ হেঃ জমিতে মাসকালাই আবাদ হয়েছে। ফলন আশনুরূপ ভাল হয়েছে কিন্তু এ উপজেলার জন্য সরিষা বীজ, মাসকালই বীজ কৃষকদের হাতে বিনামূল্য বীজের চাহিদা পাওয়ার লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরন করেছেন বলে সভায় অবগত করেন। তিনি আরো জানান অত্র উপজেলা হতে বদলী হওয়ায় আমার দায়িত্বভার তাহেরপুর উপজেলা কৃষি অফিসারকে হস্তান্তর করেন এবং দপ্তরের অন্যান্য কাজ সুষ্ট ও স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করে। | সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রীকিকরন প্রকল্প হতে উপজেলা কৃষি যন্ত্রপাতি ও উপকরন সংরক্ষনাগার নির্মানের জন্য উপজেলা পরিষদের ভিতর বর্তমানে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের পশ্চিম পার্শ্বে ১২০০ বর্গফুট পরিমান জমি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার ও সমন্বিত ব্যবস্থপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্প। |
| ৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। গবাদী পশু ও হাঁস মুরগীর চিকিৎসা সেবা কার্যক্রম চলমান আছে। গাভীর কৃত্রিম প্রজনন স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে গবাদিপশু ও হাসমুরগীর টিকা প্রদান কাযক্রম অব্যাহত আছে। অধিক পরিমান গবাদিপশু ও হাস মুরগী পালনে অত্র দপ্তর জনসচেনতামূলক উঠান বৈঠক পরিচালনা করছে। ঘাস চাষ সম্প্রসারন কৃষকগনকে উৎসাহিত করা হচ্ছে বলে সভায় অবগত করেন। | জনসাধারনকে শতভাগ সরকারি সেবা প্রদানের লক্ষ্যে বিভাগীয় সকল কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার , ধর্মপাশা |

CS CamScanner

<table>
<tr>
<td>৪</td>
<td>উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম জানা যায়নি।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>৫</td>
<td>উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল(এডিপি) খাতে ১৯.৩০ (উনিশ লক্ষ ত্রিশ হাজার) টাকার অর্থ বরাদ্দ পাওয়া গিয়াছে। তিনি আরো জানান যে, ০২টি ইউনিয়নের প্রকল্পের তালিকা পাওয়া গিয়াছে অতি দ্রুত সময়ের মধ্যে প্রকল্পের তালিকা দেওয়ার জন্য বাকি ০৪টি ইউপি চেয়ারম্যানগনের দৃষ্টি আকর্ষন করেন। তিনি উপজেলা সম্মেলন কক্ষের এসি লাগানো ও সউন্ড সিষ্টেম বিলের টাকা এখন পর্যন্ত পরিশোধ করা সম্ভব হয়নি বিধায় কিছু অর্থ বরাদ্দ প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। জয়শ্রী ইউপি চেয়ারম্যান সভায় জানান, বাদে হরিপুর মসজিদের আলম সাহেবের বাড়ী পর্যন্ত এবং বাখরপুর গ্রামে সাইফুল চৌধুরীর বাড়ীর পিছনে ও জয়শ্রী থেকে মধ্যনগর রাস্তায় ভাংগা অংশ সংস্কার করা প্রয়োজন। তিনি আরো জানান যে, জয়শ্রী থেকে মধ্যনগর রাস্তায় ঢহর নদীর সুইস গেইটের কজওয়ে দিয়ে চলাচল উপযোগী দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় প্রস্তাব করা হয়। ধর্মপাশা বঙ্গবন্ধু চত্ত্বর এবং বিশ্বরোড বিপদজনক স্থানগুলো সংস্কার করা প্রয়োজন।
<table>
<tr><td>৩।</td><td>উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য আসবাবপত্র ক্রয়</td><td>২,০০,০০০/-</td><td>ঐ</td></tr>
</table>
তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) আওতায় জরুরী ভিত্তিতে ০১টি প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্রঃ নংঃ</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমান</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>সেলবরষ ইউপির অন্তর্গত বীর উত্তর গ্রামের আকিকের বাড়ীর সামনে টয়লেট নির্মান</td><td>২,০০,০০০/-</td><td>প্রকল্প কমিটি</td></tr>
</table>
</td>
<td>প্রকল্পগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলো সর্বসম্মতভাবে অনুমোদন ও সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, ধর্মপাশা</td>
</tr>
<tr>
<td>৬</td>
<td>উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগের কার্যক্রম সঠিক ও সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা হচ্ছে। তিনি আরো জানান যে, প্রাক প্রাথমিক বাচ্চাদের পাঠ কার্যক্রম পরিচালনা জন্য অভিভাবকদের বাহিরে বা স্কুলের বারিন্দায় অবস্থান নিতে হয়। প্রতিটি স্কুলে অভিভাবকদের জন্য স্কুলের অভ্যন্তরে টিন সেড দ্বারা অভিভাবক সেড ঘর নির্মানি করার প্রস্তাব করা হয়।<br>চেয়ারম্যান ধর্মপাশা ইউপি সভায় জানান যে, আসছে আগামী মাস হতে শীত প্রবাহিত শুরু হবে। এতে শিশু শ্রেনী বাচ্চাদের ফ্লোরে বসে পাঠ কার্যক্রম পরিচলনা করা কঠিন এবং প্রতিটি স্কুলে কারফেট এর ব্যবস্থা গ্রহনের জন্য সভায় প্রস্তাব করা হয়।</td>
<td>ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার , ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>৭</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে। তিনি আরো জানান গলহা উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম চলমান তাই এটি সামনে দ্বাদশ নির্বাচন-২০২৩ এর ভোট কেন্দ্র হওয়ায় ঐ বিদ্যালয়ে ভোট গ্রহন করা সম্ভব হবে না বিধায় বিদ্যালয়ের সাথে গলহা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ভোট গ্রহন কার্যক্রম করা সম্ভব হবে বলে সভায় অবগত করেন। বিদ্যালয়গুলো বেঞ্চ সংকট বিধায় অর্থ বরাদ্দ পাওয়ার জন্য সভায় প্রস্তাব করেন।</td>
<td>ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>৮</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম জানা যায়নি।</td>
<td>ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>৯</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০ | **পানি উন্নয়ণ বোর্ডঃ** অনুপস্থিত থাকায় দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | বিস্তারিত আলোচনাক্রমে সভাপতি জানান যে, ফসল রক্ষা বাধগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়ন হয় এ বিষয়ে সু দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী(পানি উন্নয়ন বোর্ড), ধর্মপাশা। |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির বরাদ্দ পাওয়া গিয়াছে ডাটা এন্টির কাজ শেষ এবং প্রতি মাসে এন্টির কাজ চলমান থাকবে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ণ বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় অবহিত করেন। তিনি আরো জানান যে, তার দপ্তরের সম্মুখে ০১টি টিওবয়েল স্থাপনের জন্য সভায় প্রস্তাব করা হয়। | বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ণ বিভাগঃ** উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জানান, চলতি অর্থ বছরে অদ্যাবধি পর্যন্ত ১০ জন প্রশিক্ষিত যুবকে ৩,৩০,০০০/- টাকা যুব ঋণ হিসেবে বিতরন করা হয়েছে। ৩০ জনকে দক্ষতামূলক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তিনি জানান তার দপ্তরের ০১টি কক্ষের দরজা জানালা খুবই জরাজীর্ন অবস্থায় আছে জরুরী ভিত্তিতে মেরামত করা খুবই প্রয়োজন। | সরকারি বিধি মোতাবেক সার্বিক কার্যক্রম পরিচালনার করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৪ | **উপজেলা খাদ্য অধিদপ্তরঃ** উপজেলা খ্যদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি আরো জানাান ধর্মপাশা উপজেলায় অধীনে ০২টি এলএসডি চালু রয়েছে। ধর্মপাশা এলএসডিতে ৪৬৬.১৮ মেঃ টন চাল মজুদ রয়েছে। মধ্যনগর এলএসডিতে ৭২৮.০০ মেঃ টন চাল মজুদ রয়েছে। ১০টি ইউনিয়নের ২০ জন ডিলারের মাধ্যমে কার্যক্রম চলমান। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৫ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। সারাদেশব্যাপী নিরাপদ পানি সরবরাহ ও হাওড় অঞ্চলের নিরাপদ পানি সরবরাহের কাজ চলমান। তাছাড়া ওয়াসব্লক নির্মান কাজ চলমান এবং প্রাথমিক বিদ্যালয়ের পানির উৎসের কাজ চলমান। মানব সম্পদ প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পাইপড ওয়াটার সাপ্লাই এর কাজ চলমান। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), ধর্মপাশা। |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৭ | **উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১৮টি মাধ্যমিক বিদ্যালয়ের ১০৮জন শিক্ষার্থীর মাঝে জনশুমারি ও গৃহগননা প্রকল্পের ব্যবহৃত ট্যাবলেট পিসি তাদের মেধাক্রম অনুসারে বিতরন করা হয়েছে। তিনি আরো জানান বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা কে জনশুমারি ও গৃহগননা কাজ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শ অনুযায়ী রিপোর্ট প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৯ | **উপজেলা নির্বাচন বিভাগঃ** অনুপস্থিত থাকায় দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২১ | **উপজেলা রিসোর্স সেন্টারঃ** উপজেলা রিসোর্স কর্মকর্তা দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শিক্ষাক্রম (প্রাথমিক শিক্ষা) অনলাইন প্লাঠফরমে মুক্তপাঠের মাধ্যমে ধর্মপাশা উপজেলার শিক্ষকগণ অংশগ্রহন করেছেন। এ পর্যন্ত ৭০% শিক্ষক অংশগ্রহণ করে সম্পন্ন করেছেন। নিয়মিত মুক্তপাঠের প্রশিক্ষন মনিটরিংকরা হচ্ছে। সকল শিক্ষকদের প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য নির্দেশনা ও সহায়তা প্রদান করা হচ্ছে। গনিত কৌশল প্রয়োগ করে গনিত শিখি প্রশিক্ষণ ০৭ ব্যচে ২১০ জন শিক্ষক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ইংরেজী প্রশিক্ষণ বিষয়ে পাঠদান করা শিক্ষদের জন্য লক্ষ্যমাত্রা ছিল ১২০জন নবনিযুক্ত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রাথমিক শিক্ষা কার্যক্রম অবহিত করন সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৭৫ জন বাংলা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়া নিয়মিত পরিদর্শন ও শিক্ষকদের মান উন্নয়নের সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা রিসোর্স কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২২ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটর (UDF) জানান. জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প কার্যালয়ের ০৮.০৬.২০২৩ খ্রি. তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২২-৯৫১৩ নং স্মারকে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর ২০২১-২২ অর্থ বছরের জন্য অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প প্রস্তাবনা চেয়ে চিঠি ইস্যুকরা হয়। যাতে উল্লেখ করা হয় স্বাস্থ্যসেবা, শিক্ষা, পানি সরবরাহ, সোলার প্যানেল ও কৃষি সম্পর্কিত উপ-প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ করে যথাযথ নিয়মাবলী অনুসরণপূর্বক অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে ৩১.০৮.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণেরজন্য অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনাক্রমে দ্রুত উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটর, ধর্মপাশা। |
| ২৩ | **উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প(পজীপ):** উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম সন্তোষজনক। তাছাড়া ২য় পর্যায়ের বিতরনকৃত প্রায় ০১ কোটি টাকা মাঠে খেলাপী হয়ে আছে। উক্ত খেলাপী টাকা আদায়ের জন্য পুনরায় সিআর মামলা স্থানীয় কোর্টে রজু করা বিশেষ প্রয়োজন। তিনি আরো জানান যে, স্থানীয় পুলিশ প্রশাসনের সহযোগিতা পেলে এই বিশাল অংকের ঋন আদায় করা সম্ভব । | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৪ | **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জনান, অক্টোবর ২০২৩ মাসে সদস্য ভর্তিঃ ১৫ জন। সঞ্চয় আদায় ৭.৬৮ লক্ষ, সঞ্চয় ফেরতঃ ৫.৩৩ লক্ষ। মাসে ঋণ বিতরনঃ ২৬.১৫ লক্ষ। মাসে ঋণ আদায়যোগ্য ৪০.০৩ লক্ষ, চলতি মাসে ঋণ আদায় ৯৮%, বছরে ঋণ বিতরন ১৬২.২৫ লক্ষ টাকা, মোট ঋনী সদস্য ৮৭৩ জন। মাঠে পওনা ঋণ ৩৪০.৫৪ লক্ষ, মোট খেলাপী ৭০.০২ লক্ষ মোট খেলাপী সদস্য ৪৩৭ জন । মোট সদস্যদের সঞ্চয় জমা ১৬৬.৫৩ লক্ষ। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৫ | **তথ্য আপাঃ** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, ধর্মপাশা, |
| ২৪ | **আমার বাড়ী আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)ঃ** পল্লী সঞ্চয় ব্যাংকের জন্য ১০,০০,০০০/-টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল এই টাকার কাজ শেষ বর্তমানে কিছু কাজ বাকী আছে উপজেলা পরিষদ তহবিল হতে অর্থ বরাদ্দ পাওয়ার জন্য সভায় প্রস্তাব করা হয়। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | আমার বাড়ী আমার খামার কর্মকর্তা, ধর্মপাশা। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৬ | উপজেলা পরিষদঃ জয়শ্রী ইউপি সভায় জানান যে, বন্যার সময় উচু জায়গা তৈরী করে পরিবার পরিজন, প্রাণি সম্পদ, খাদ্যশষ্য, গো-খাদ্য অন্যান্য সামগ্রী নিরাপদে রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সুপারিশ করা হয়। তিনি আরো জানান যে, ইউনিয়ন পরিষদ ভবন এবং চত্বর সংরক্ষার করার জন্য সভায় প্রস্তাব করা হয়। তিনি, ধর্মপাশা বঙ্গবন্ধু চত্বরের রাস্তা সংস্কার করে যানযটমুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জোর সুপারিশ করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ধর্মপাশা। |
| ২৭ | বিবিধঃ উপজেলা পরিষদের জরুরী ব্যয় বিবরনী বাবদঃ আইপিএস ব্যাটারী ক্রয়বাবদ- ৩২,৭৫০/-টাকা, অক্টোবর/২০২৩মাসে অফিস আনুষাঙ্গিক বাবদ- ৫,০০০/-টাকা, অক্টোবর/২০২৩ মাসে অফিস আপ্যায়ন ও সভার আপ্যায়ন বাবদ- ৩০,০০০/-টাকা, উপজেলা এ ব্যয় সমূহ পরিশোধের জন্য অনুমোদনের সভায় অবগত করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ পরিশোধের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ ধর্মপাশা। |

উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ লক্ষ্যে ধর্মপাশা মডেল উপজেলা পরিষদ বাস্তবায়িত করার লক্ষ্যে সততা ও নিষ্ঠার সহিত স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্য উপস্থিত সকল ইউপি জনপ্রতিনিধিগণ ও সকল কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ জানান।

অদ্যকার সভায় অন্যকোনা আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোজাম্মেল হোসেন রোকন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নংঃ ৪৬.৬০.৯০৩২.০০১.০১.০১৫.২০২২-২০৬(৪৭)

তারিখঃ ১২ অক্টোবর ২০২৩খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব মোয়াজ্জেম হোসেন রতন, মাননীয় সংসদ সদস্য, ২২৪-সুনামগঞ্জ-১ ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৬। উপজেলা ভাইস চেয়ারম্যান, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৮-৩৫। উপজেলা-----------------------------------------------অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৬। অফিসার ইন চার্জ, ধর্মপাশা থানা. ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৭-৪৩। চেয়ারম্যান,ধর্মপাশা/সেলবরষ/পাইকুরাটি/জয়শ্রী/সুখাইড় রাজাপুর(দঃ)/সুখাইড় রাজাপুর(উঃ) ইউনিয়ন।
৪৪-৪৫। জনাবা----------------------- মহিলা সদস্যা---------------------ইউ/পি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৪৬-৪৭। অফিস কপি/ মাষ্টার কপি।

(শীতেষ চন্দ্র সরকার)
উপজেলা নির্বাহী অফিসার,
ধর্মপাশা, সুনামগঞ্জ।

CS CamScanner